মেহেরপুর জেলা জুয়েলার্স সমিতির নতুন কমিটি গঠন

বাংলাদেশ জুয়েলার্স সমিতি মেহেরপুর জেলা শাখার নতুন কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে পুনরায় কিশোর পাত্রকে সভাপতি ও শেখ মোমিনকে সাধারণ সম্পাদক করা হয়েছে।

আজ শুক্রবার দুপুরে সমিতির সাধারণ সভা ও বার্ষিক সম্মেলন শেষে এ কমিটি গঠন করা হয়। সমিতির সভাপতি কিশোর পাত্র’র সভাপতিত্বে সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় নতুন কমিটির নাম ঘোষনা করা হয় এবং সভাপতি ও সাধারণ সম্পাদককে ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেওয়া হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন-সহসভাপতি আব্দুল মজিদ, জাহিদুল আলম (গাংনী), আব্দুর রাজ্জাক (মুজিবনগর), শ্রী মদন কর্মকার, সহ-সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মনা, শ্রী সুশান্ত পাত্র (গাংনী), শ্রী শরজিৎ পাত্র (মুজিবনগর), অর্থ সম্পাদক ইমাদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক অসীম সানতারা, সহসাংগঠনিক সম্পাদক শ্রী স্বপন কর্মকার, দপ্তর সম্পাদক শ্রী শুভজিৎ পাত্র, সহ দপ্তর সম্পাদক শ্রী প্রশান্ত ব্যাধ, প্রচার সম্পাদক শ্রী পরিতোষ সানতারা, সহ প্রচার সম্পাদক শ্রী প্রশান্ত পাত্র।

এছাড়া নির্বাহী সদস্য হলেন- মোফাজ্জেল শেখ, শ্রী আনন্দ মোহন কর্মকার, শ্রী দুলাল কর্মকার, শ্রী স্বপন কর্মকার, শ্রী হরেশ ধর।

শৈলকুপায় নিলাম হয়েছে বনজ গাছ, কাটা হচ্ছে বনজ ও ফলদ গাছ

ঝিনাইদহের শৈলকুপায় কুষ্টিয়া প্রধান সেচ খাল (ইরি খাল) এর কয়েক কিলোমিটার এলাকার লাখ লাখ টাকার ফলদ গাছ নিলাম ছাড়াই কেটে সাবাড় করে দেওয়া হচ্ছে।

যেন দেখার কেউ নেই, ইচ্ছামত গাছ কেটে তা কাঠ ব্যবসায়ীদের কাছে

বিক্রি করে দেওয়া হচ্ছে। অভিযোগ উঠেছে এই গাছ বিক্রির সাথে জড়িত পানি উন্নয়ন বোর্ড শৈলকুপা শাখার কর্মকর্তা, এমএলএসএস সহ অনেকের বিরুদ্ধে।

খোঁজ নিয়ে দেখা গেছে নিলাম হয়েছে শুধু বনজ গাছের কিন্তু কাটা হচ্ছে ফলদ গাছও!

সরেজমিনে দেখা যায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কুষ্টিয়া প্রধান সেচ খালের শৈলকুপা উপজেলার লাঙলবাধ টু শেখপাড়া সড়ক প্রশস্তকরণের কাজ চলছে।

এই সুযোগে পানি উন্নয়ন বোর্ড শৈলকুপা শাখার কিছু কর্মকর্তা ও এমএলএসএস আঃ রশিদের যোগসাজসে মূল্যবান ফলদ গাছ কেটে নিচ্ছে প্রভাবশালীরা। এ সমস্থ গাছের তালিকায় রয়েছে আম, জাম, কাঠাল,লিচু গাছ।

যদিও নিলামে উল্লেখ আছে কোন ফলদ গাছ কাটা যাবে না তার পরেও এই সব ফলদ গাছ কেটে নেওয়া হচ্ছে। সরকারী নিয়ম নীতি তোয়াক্কা না করে এভাবে ইচ্ছামত গাছ কাটায় পরিবেশবাদীরা উদ্বেগ প্রকাশ করেছেন।

গাছ ব্যবসায়ী সাহেব আলী বলেন, আমরা এগাছগুলো যাদের বাড়ির সামনে পড়েছে সেই সমস্থ লোকদের কাছ থেকে কিনে নিয়েছি । এছাড়াও এসব গাছ বাবদ পানি উন্নয়ন বোর্ডের এম এল এস এস আঃ রশিদকে ১ হাজার থেকে ৭ হাজার টাকা করে দেওয়া হচ্ছে।

উপজেলার কাশিনাথপুর গ্রামের বাসিন্দা গোপাল বলেন, আমার বাড়ির সামনের গাছ তাই কাটছি তবে এসব গাছ কাটাবাবদ আঃ রশিদকে টাকা দেওয়া হয়েছে এবং তার কাছ থেকে গাছ কাটার অনুমতি নিয়েছি।

উপজেলার ধলহরাচন্দ্র ইউনিয়নের মেম্বার আকরাম খান বলেন, এই এলাকার প্রচুর ফলদ গাছ কেটে নেওয়া হয়েছে। আর এ গাছকাটার জন্য পানি উন্নয়ন বোর্ডের লোকজন মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছে। সেইসাথে গাছ কাটার অনুমতিও দিয়েছে।

আরেক গাছ ব্যবসায়ী আলিম উদ্দিন বলেন, আমাদের কাছ থেকে পানি উন্নয়ন বোর্ডের লোকজন টাকা তো নিয়েছে এমনকি কাশিনাথপুরের বাসিন্দা মো: গওহর এর একটি মহানিমগাছ পানি উন্নয়ন বোর্ড এর এমএলএসএস আঃ রশিদ নিজেই কেটে নিয়ে গেছে।

এব্যাপারে পানি উন্নয়ন বোর্ড শৈলকুপা শাখার এমএলএসএস আঃ রশিদ

বলেন, আমি এই সমস্থ গাছের দেখভালের দায়িত্বে আছি। যার যার বাড়ির সামনের গাছ তারা কেটে নিচ্ছে বার বার নিষেধ করা সত্ত্বেও তারা কেউ আমার কথা শুনছে না।

শৈলকুপা বন কর্মকর্তা মোখলেচুর রহমান বলেন, এই সব গাছের ব্যাপারে ওয়াবদা কর্তৃপক্ষ ও বন বিভাগ পৃথক নিলাম আহ্বান করে । তবে কোন ফলদ গাছ কাটার নিলাম হয়নি এবং এসমস্ত গাছ কাটার অনুমতি দেয়া হয়নি। কোন ফলদ গাছ কাটা ঠিক হবে না।

এ ব্যাপারে পানি উন্নয়ন বোর্ডের উপ সহকারী প্রকৌশলী বিকর্ণ দাস বলেন, এভাবে যে ফলদ গাছ কেটে নিয়ে যাচ্ছে এমন তথ্য আমার জানা নেই তবে আপনার মাধ্যমে জানতে পেলাম তাই খোজ খবর নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবো।

একুশে বইমেলায় রাফিয়া আক্তার পলির কবিতার বই ‘ধানি রঙের শাড়ি’

একুশে বইমেলায় শব্দশিল্প প্রকাশন প্রকাশ করেছে রাফিয়া আক্তার পলির নতুন বই ‘ধানি রঙের শাড়ি’। রাফিয়া আক্তার পলি মেহেরপুরের কৃতি সন্তান।

সদর উপজেলার আবির উদ্দিন ও রিজিয়া পারভিন দম্পতির কন্যা রাফিয়া আক্তার পলি ইতোমধ্যে লেখালেখিতে বেশ নাম কুড়িয়েছেন। তিনি ইতোমধ্যে বেশ কয়েকটি উপন্যাস, ছোটদের গল্প ও কবিতার বই প্রকাশ করেছেন বিভিন্ন প্রকাশনা থেকে।

‘ধানি রঙের শাড়ি’ মূলত একটি বিরহী রোমান্টিক ধাঁচের কাব্যগ্রন্থ।যেখানে দেশাত্মবোধের চিহ্ন পাওয়া যায় “সবিনয় নিবেদন ” এর মতো কবিতায়। মা, মাটি, প্রেমিকার চিরন্তন সত্য জাগ্রত ভালোবাসা, প্রেমিকের ছোট্ট উপহারের বিরহডালা এই কাব্যগ্রন্থ। বইটি পাওয়া যাচ্ছে একুশে বইমেলার শব্দশিল্প প্রকাশনের ৩৪২,৩৪৩ নং

স্টলে। এছাড়াও মেহেরপুরে দোয়েল বুক হাউসেও বইট পাওয়া যাবে।

লেখকের অন্যান্য বই গুলোর মধ্যে উপন্যাস ১. ফুরিয়ে যাওয়া আলো
২. ভালো থাক ভালোবাসা ৩. তোমার স্পর্শ । ছোটোদের গল্প ১. ভোর হয়ে এলো ২. আমের বনে ঘ্রাণে ৩. গল্পটা মহানায়কের । কাব্যগ্রন্থ ১. লাল টিপ ২. সোনালী পাড়ের নক্ষত্র (যৌথ) ৩. কবিতার উৎসব (যৌথ)। এছাড়া কলকাতা থেকে প্রকাশিত হয়েছে লতিফা কলস (২০১৭,২০১৮,২০১৯)।

মেহেরপুরের গাংনীতে ঘোষণা দিয়ে বিরোধপূর্ণ জমি নিয়ে সংঘর্ষে একজন নিহত ,আহত ১৫

বিরোধপূর্ণ জমির দখল নেয়াকে কেন্দ্র করে সৃষ্ট রক্তক্ষয়ী সংঘঁর্ষে সাদেক আলী (৬০) নামের একজন নিহত ও উভয়পক্ষের কমপক্ষে ১৫ জন আহত হয়েছেন।

আজ শুক্রবার বেলা ১০ টার দিকে গাংনী উপজেলার আকুবপুর মালিথাপাড়া এলাকায় এ সংঘঁর্ষের ঘটনা ঘটে। নিহত সাদেক আলী আকুবপুর গ্রামের আফেল উদ্দীনের ছেলে। আহতদের মধ্যে রমজান আলীর ছেলে বাদল (৪০) এর অবস্থাও আশংকাজনক। বাদলসহ ইদবার আলী (৩৮) সহ অন্যান্য আহতদের উদ্ধার করে গাংনী ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, এলাকায় বিপুল পরিমান পুলিশ মোতায়েন করা হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। তবে, নিহত সাদেক আলী ওই গ্রামের সুলতান হত্যা মামলার আসামী। সে মামলায় দীর্ঘদিন হাজতবাস করে সাম্প্রতিক সময়ে জামিনে মুক্ত হন তিনি।

এছাড়া অপর আহত বাদল হোসেনর বিরুদ্ধেও রয়েছে চুরি, ডাকাতিসহ একাধিক মামলা। স্থানীয়রা জানান, গ্রামর উদিনগরের মাঠে ১৬ বিঘা

জমি নিয়ে সাদেক আলী ও বিষু মালথির ছেলে খাইরুল ইসলাম, মতিয়ার রহমান গ্রুপের মধ্যে মালিকানা দাবী করে দীর্ঘদিন যাবৎ বিরোধ চলে আসছিলো। এলাকার মাব্বর ও প্রধানদের নিয়ে একাধিকবার শালিস বৈঠক অনুষ্ঠিত হয়েছে।কোনো সমাধা আসেনি। তবে, সাদেক আলী গ্রুপের লোকজন এলাকার অনেকের সাথেই জমি নিয়ে বিরোধে জড়িয়ে পড়েছেন।

স্থানীয়রা জানান, প্রায় চার/পাঁচ লাঠি শোঠাসহ দেশীয় অস্ত্র নিয়ে প্রস্তুতি নিচ্ছিলেন। আজ সকাল থেকেই উত্তেজনা চলছিলো। খবর পেয়ে গাংনী থানা পুলিশ সকাল থেকেই এলাকায় অবস্থান নিয়ে উভয়পক্ষের লোকজনকে শান্ত করার চেষ্টা করেন। তারপরেও উভয়পক্ষের লোকজন মাঠে নেমে সংঘঁর্ষে লিপ্ত হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, মেহেরপুর পুলিশ নুপার রাফিউল আলমসহ পুলিশের কর্মকর্তারা ঘটনাস্থলে পৌছেছেন।

আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারে চুরি করে গাছকর্তনের অভিযোগ

দর্শনা কেরুজ চিনিকলের বয়লারে খড়ির প্রয়োজনে মরাগাছের ডাল কাটার অযুহাতে ৫ লাখ টাকা মূল্যের ২২টি শিশুগাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে দেলোয়ার হোসেন ও খামার ইনচার্জ জাহিদুল ইসলাম টুটুলের বিরুদ্ধে।

ঘটনা জানাজানি হলে তারা কর্তনকৃত গাছের নিচের অংশ ঢেকে প্রমান লোপাাটের অপচেষ্টাও চালিয়েছে। তবে বিধিবাম!

এদিকে অভিযুক্তদের ভয়ের কোন কারণ নেই বলে জনৈক এক কর্মকর্তা তাদেরকে আশ্বস্থ করেছে। বিষয়টি তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বাস দিয়েছেন কর্তৃপক্ষ।

জানাগেছে, দর্শনা কেরুজ চিনিকলের মাড়াই মোরসুম শুরু হওয়ার আগে থেকেই বয়লারের জ্বালানির জন্য খড়ি ক্রয় করে থাকে চিনিকল

কর্তৃপক্ষ। তারি ধারাবাহিকতায় ২০২০-২১ মাড়াই মোরসুমে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ঠিকাদারি প্রতিষ্ঠনের নিকট থেকে ১১শ মেট্রিকটন খড়ি ক্রয় করা হয়।

মাড়াই কার্যদিবস শেষ হবার আগেই ক্রয়কৃত মোজুদ খড়ি শেষ হয়ে যায় চিনিকলের। মাড়াই কার্যক্রম চলমান রাখার জন্য কর্তৃপক্ষ নিজেস্ব কৃষি খামারের থাকা মরা এবং শুকনা গাছ ও গছের ডাল কাটার নির্দেশ দেন কর্তৃপক্ষ।

এর জন্য কর্তৃপক্ষ বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেনকে প্রধান করে মহা-ব্যবস্থাপক (অর্থ) গোলাম জাকারিয়া, সিভিল ইঞ্জিনিয়ার ইয়াসির আরাফাত ও জহির উদ্দিনের (ভুমি) সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠণ করে দেন।

অভিযোগ উঠেছে কমিটির প্রধান দেলোয়ার হোসেন ও খামার ইনচার্জ জাহিদুল ইসলাম টুটুল মরাগাছ এবং গাছের ডালকাটার অযুহাতে আকন্দবাড়িয়া বীজ উৎপাদন খামারের প্রায় ৫ লাখ টাকার মূল্যবান ২২টি শিশু গাছ চুরি করে কেটে ফেলেন।

কর্তনকৃত গাছের কিছু অংশ বয়লারের জ্বালানি হিসাবে চিনিকলে সরবরাহ করেন এবং গাছের মূল্যবান অংশ আত্নসাৎত করেছেন। প্রশ্ন উঠেছে গাছের মূল্যবান অংশ কোথায় রেখেছেন এবং কার জন্য? এব্যাপারে কমিটির প্রধান বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেন বলেন, আমি কোন গাছ কাটেনি, গাছের ডাল কেটেছি।

তাহলে কাটা গাছের গুড়ি মাটি দিয়ে প্রমাণ লোপাটের চেষ্টা চালানো হয়েছে কেন? এর উত্তরে তিনি বলেন, মোবাইলে সব বলা যাবে না। স্বাক্ষাতে বলব। এদিকে অভিযুক্তদের রক্ষা করতে চিনিকলের জনৈক্য কর্মকর্তা বয়ের কোন কারণ নেই বলে আশ্বস্থ করেছেন দেলোয়ার ও টুটুলকে। কর্মকর্তার এহন আচরণে বইছে আলোচনা সমালোচনার ঝড়।

চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন বলেন, আমি যতটকু জেনেছি একটি মরাগাছ কাটা হয়েছে। এর পরও যখন গাছ কাটা নিয়ে নানা কথা উঠছে তখন সরেজমিনে তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রয়োজনে নতুন করে তদন্ত কমিটি গঠণ করে তদন্ত করা হবে।

আলমডাঙ্গায় ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস পালনের লক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যাগে ২১শে ফেব্রুয়ারী মহান শহীদ দিবস পালনের লক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সন্ধ্যায় আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগ কার্য্যালয়ে অনুষ্ঠিত সভায় পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন সভাপতিত্বে ও পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান,সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান কাজী খালেদুর রহমান অরুন,জেলা পরিষদের সদস্য আবু মুসা,পৌর আওয়ামী লীগের সহসভাপতি, আমিনুল ইসলাম অপু মোল্লা,ডাক্তার অমল কুমার বিশ্বাস সহ আরোও উপস্থিত ছিলেন পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সাংঠনিক আবু মুসা, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, প্রচার সম্পাদক মিজানুর রহমান রিপন,সাংস্কৃতিক সম্পাদক আব্দুল লতিফ, কোষাধ্যক্ষ শরিফুল ইসলাম, মহিলা সম্পাদিকা ডালিম,নির্বাহী সদস্য গোলাম সরোওয়ার সদু,১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সানাউল্লাহ্, ১নং ওয়ার্ডের সসাধারন সম্পাদক ও বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন, ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি জাহাঙ্গীর হোসেন,সাধারণ সম্পাদক ও প্যানেল মেয়র মজিবুল হক,৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর প্যানেল মেয়র স্বপন,৫নংওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সিরাজুল ইসলাম, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক তবা,সাধারণ সম্পাদক মাহাবুল,৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আসাবুল হক ঠান্ডু,৮নং পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক দেলোয়ার মোল্লা, ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শহিদ মোল্লা,ডাক্তার আতিক বিশ্বাস প্রমূখ। প্রস্তুতি সভায় বক্তাগণ আগামী ২১ ফেব্রুয়ারী মহান শহীদ দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সকলকে প্রস্তুতি গ্রহণের অনুরোধ করেন।

[redacted]

[redacted]

উদ্ধার করে মুজিবনগর হাসপাতালে নিই। সেখানেই কর্তব্যরত চিকিৎসক মৃতু ঘোষণা করেন।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, আমরা মুজিবনগর হাসপাতাল থেকে শিল্পীর মরদেহ উদ্ধার করেছি। এখন পারিপার্শিকভাবেও খোঁজ খবর নিচ্ছি। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা এখনো সেভাবে বলা যাবেনা।

আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলার আলোচনা সভা পুরস্কার বিতরণী

আলমডাঙ্গায় ব্ল্যাক বেঙ্গল গোট উন্নয়ন মেলা- ২০২২ এর আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে উপজেলা মঞ্চ প্রাঙ্গণে এ আলোচনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা প্রাণীসম্পদ অফিসার ডা. গোলাম মোস্তফার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে আয়ুব হোসেন বলেন, আমাদের খামারি ভাইরা ব্ল্যাক বেঙ্গল গোট উৎপাদন করে দেশের মানুষের চাহিদা মিটাচ্ছেন। আজকে খামারিদের জন্য সরকার প্রণোদনা দিয়েছে। করোনা কালিন সময়ে যারা ক্ষতিগ্রস্তি হয়েছে,তাদের জন্য সরকারকে এই প্রণোদনা দেয়। আজকে সরকার শুধু প্রাণী সম্পদ খাত নয়, কৃষি, শিল্প, শিক্ষা সর্বক্ষেতে কাজ করে যাচ্ছেন।
বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা তাঁর পিতার স্বপ্ন বাস্তবায়নে কাজ করছেন। আমরা মাননীয় প্রধানমন্ত্রী দীর্ঘায়ু কামনা করি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা

পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, উপজেলার সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি সাইফুল ইসলাম, প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি,চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহকারি অধ্যক্ষ মারুফুল ইসলাম প্রমূখ ।

অনুষ্ঠান শেষে গোট উন্নয়ন মেলায় বিজয়ীদের মাঝে ছাগলের খাবার ও পুরস্কার বিতরণ করা হয়।

প্রাইভেটকারের ধাক্কায় দোকানে ঢুকে গেল মাইক্রোবাস

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ইশ্বরবা এলাকায় প্রাইভেটকারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ লেগে রাস্তার পাশের দোকানে ঢুকে যায় মাইক্রোবাস।

এ ঘটনায় মাইক্রোবাসের চালক আহত হয়েছেন। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে ঈশ্বরবা এলাকার ইটভাটার সামনে এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুরে কালীগঞ্জ থেকে কোটচাঁদপুরের দিকে বাম পাশ দিয়ে মাইক্রোবাসটি যাচ্ছিল। এ সময় কালীগঞ্জ শহরের দিকে যাওয়া প্রাইভেটকারটি নিয়ন্ত্রণ হারিয়ে মাইক্রোবাসের সঙ্গে সংঘর্ষ লাগে।

মাইক্রোবাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের দোকানে ঢুকে যায়। তবে এ সময় দোকানে কেউ না থাকায় বড় ধরনের ঘটনা ঘটেনি। মাইক্রোবাসের আঘাতে দোকানের একটি পিলার, কয়েকটি টেবিল ও একটি টেলিভিশন ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রাইভেটকারটিতে বেশ কিছু ময়নাপাখি নিয়ে যাওয়া হচ্ছিল। দুর্ঘটনার পরপরই সেগুলো অন্য গাড়িতে সরিয়ে ফেলা হয়।

মাইক্রোবাসের চালক মহেশপুর উপজেলার পদ্মপুকুর এলাকার মুকুল হোসেন জানান, তিনি কালীগঞ্জ শহর থেকে মহেশপুরের দিকে যাচ্ছিলেন।

হঠাৎ প্রাইভেটকারটি এসে তার গাড়িতে ধাক্কা দেয়। এরপরই তিনি জ্ঞান হারিয়ে ফেলেন।

কালীগঞ্জ থানার পরিদর্শক (তদন্ত) মতলেবুর রহমান জানান, বিষয়টি শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়।

যথাযোগ্য মর্যাদায় ও নানা অনুষ্ঠানমালার মধ্য দিয়ে ভাষা শহীদদের স্বরণ করা হবে

শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা ২০২২ উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে বৃহস্পতিবার বেলা ১১ টার সময় অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, জেলা আওয়ামী লীগের সাবেক কৃষি বিষক সম্পাদক শহিদুল ইসলাম শাহ, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু।

এছাড়া বক্তব্য রাখেন, মুক্তিযুদ্ধের শহীদ স্মৃতি পাঠাগারের সহ সভাপতি ছড়াকার ও কবি ইয়াসিন রেজা, গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পারভেজ সাজ্জাদ রাজা, চৌগাছা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুর রকিব, সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু, সাংবাদিক জুলফিকার আলী কানন।